গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
বাজেট শাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

নথি নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.০২০.০৩১.০১৯.১৭-১৩৪

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৬ / ১১ জুন ২০১৯

বিষয়: **মহানগর/উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি কর্তৃক অমুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত ব্যক্তিগণের সম্মানি ভাতা স্থগিত সংক্রান্ত আদেশের স্পষ্টীকরণ।**

সূত্র: এ মন্ত্রণালয়ের ২৪ এপ্রিল ২০১৯ তারিখের ৪৮.০০.০০০০.০০৬.০২০.০৩১.০১৯.১৭-১০০ নম্বর পরিপত্র।

বীর মুক্তিযোদ্ধাদের সম্মানি ভাতা প্রকৃত মুক্তিযোদ্ধাদের মধ্যে যথাযথভাবে বিতরণের লক্ষ্যে সূত্রোক্ত পরিপত্রের মাধ্যমে সম্মানি ভাতা প্রাপ্তির ক্ষেত্রে যোগ্যতা এবং অযোগ্যতা সম্পর্কে নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত পরিপত্রে উল্লিখিত ৪ (চার)টি শ্রেণির যে কোন একটি প্রমাণকে নাম থাকলে ভাতা প্রাপ্তির জন্য যোগ্য মর্মে বিবেচনা করা হয়েছে। এছাড়া, সম্মানি ভাতা প্রাপ্তির ক্ষেত্রে "বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস), কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল হতে সনদধারী কোন ব্যক্তি/ব্যক্তিগণকে বা এ মন্ত্রণালয় হতে যাঁদের নামে মুক্তিযোদ্ধা সনদপত্র/মুক্তিযোদ্ধা সাময়িক সনদপত্র ইস্যু করা হয়েছে" তাঁদের সম্মানি ভাতা প্রাপ্তির ক্ষেত্রে উপরোক্ত ৪ (চার)টি শ্রেণির যে কোন একটি প্রমাণকে তাঁদের নাম অবশ্যই থাকতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। একইসাথে, মহানগর/উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি কর্তৃক প্রদত্ত "না মঞ্জুরকৃত আবেদনের তালিকা ও সিদ্ধান্ত" প্রতিবেদনে ('গ' তালিকা) যাদের নাম রয়েছে তাঁদের সম্মানি ভাতা স্থগিত রাখার নির্দেশনা প্রদান করা হয়। উল্লিখিত নির্দেশনার প্রেক্ষিতে উপরোক্ত ৪ (চার)টি শ্রেণির যে কোন একটি প্রমাণকে নাম থাকা সত্ত্বেও উল্লিখিত 'গ' তালিকায় নাম অন্তর্ভুক্ত থাকলে মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বন্ধ হবে কিনা এ সম্পর্কে স্পষ্টীকরণ প্রয়োজন মর্মে মাঠ পর্যায় থেকে অবহিত করা হয়েছে।

০২। বীর মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাইয়ের জন্য জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা) কর্তৃক "মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই নির্দেশিকা-২০১৬" এ "কারা যাচাই-বাছাই এর আওতাভুক্ত" সে সম্পর্কে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়েছে:

"১। লাল তালিকায় অন্তর্ভুক্ত কিন্তু যার বিরুদ্ধে অভিযোগ রয়েছে;

২। তালিকাভুক্তির জন্য অনলাইনে এবং নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি জামুকায় আবেদনকৃত;

৩। ভারতীয় তালিকা বা লাল মুক্তিবার্তা তালিকাদ্বয়ের বাইরে শুধুমাত্র গেজেটভুক্ত/তালিকাভুক্ত/সরকারি চাকুরি গ্রহণের সময় ঘোষনা প্রদানকৃত/শুধুমাত্র সমায়িক সনদপ্রাপ্ত; এবং

৪। ভারতীয় তালিকা বা লাল মুক্তিবার্তা তালিকাদ্বয়ের বাইরে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল (মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষরিত) কর্তৃক প্রদত্ত সনদপত্র।"।

০৩। জামুকা'র উপরোক্ত নির্দেশিকা অনুযায়ী মুক্তিযোদ্ধা যাচাই-বাছাইয়ের এখতিয়ার নির্ধারণ করা সত্ত্বেও কোন কোন যাচাই-বাছাই কমিটি কর্তৃক ভারতীয় তালিকা, লাল মুক্তিবার্তায় (যাদের নামে কোন অভিযোগ নেই) প্রকাশিত মুক্তিযোদ্ধাসহ সকল শ্রেণির মুক্তিযোদ্ধাকে যাচাই-বাছাইয়ের মাধ্যমে এ সংক্রান্ত তালিকা প্রণয়ন এবং সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

০৪। এ প্রেক্ষিতে, জামুকা'র "মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই নির্দেশিকা-২০১৬" এর নির্দেশনার বাইরে এখতিয়ার বহির্ভুতভাবে যাচাই-বাছাইয়ের মাধ্যমে কোন বীর মুক্তিযোদ্ধার নাম উল্লিখিত মহানগর/উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি কর্তৃক প্রদত্ত "না মঞ্জুরকৃত আবেদনের তালিকা ও সিদ্ধান্ত" প্রতিবেদনে ('গ' তালিকা) উল্লেখ করা হলে সূত্রোক্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সম্মানি ভাতা বন্ধ হবে না। ফলে ভারতীয় তালিকা বা মুক্তিবার্তা চূড়ান্ত তালিকা (মুক্তিবার্তা লাল বই) (যাদের নামে মুক্তিযোদ্ধা নন মর্মে অভিযোগ নেই), সশস্ত্র বাহিনী, পুলিশ, বিজিবি, আনসার, বীরাঙ্গনা, মুজিবনগর, শব্দ সৈনিক, স্বাধীন বাংলা ফুটবল টীম, ন্যাপ-কমিউনিস্ট পার্টি-ছাত্র ইউনিয়ন বিশেষ গেরিলা বাহিনী

অাঃ পৃঃ দ্রঃ

ও মুক্তিযোদ্ধা তালিকা এবং 'পিএসসির মাধ্যমে নিয়োগপ্রাপ্ত ১৯৭৩ সনের বিসিএস কর্মকর্তা' সংশ্লিষ্ট গেজেটে প্রকাশিত মুক্তিযোদ্ধাগণের নাম উল্লিখিত 'গ' তালিকাভুক্ত হলেও (যদি হয়ে থাকে) তাঁদের বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা অব্যাহত থাকবে।

২১.০৬.২০২০

(এ এইচ এম মহসীন রেজা)
সহকারী সচিব

বিতরণ:

০১। জেলা প্রশাসক (সকল), জেলা: ....................................।

০২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), জেলা: ..............................।

০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা: ...................., জেলা: .......................।

০৪। উপজেলা সমাজসেবা কর্মকর্তা (সকল), উপজেলা: ...................., জেলা: .....................।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার (সকল), ....................... বিভাগ, জেলা: .........................।

০৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, স্বাধীনতা ভবন, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা।

০৬। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।

০৭। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

০৮। যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

০৯। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-মাননীয় মন্ত্রী'র অবগতির জন্য।

১০। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-সচিব মহোদয়ের অবগতির জন্য।

১১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/সনদ, গেজেট ও প্রত্যয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১২। সংরক্ষণ নথি।